অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/20/2026 **গভর্নর ক্যাথি হোকল**

সমগ্র নিউ ইয়র্ক স্টেটে সহায়ক আবাসন ব্যবস্থা শক্তিশালী করতে গভর্নর হোকল 63 মিলিয়ন মার্কিন ডলার অনুদানের ঘোষণা দিয়েছেন

নিউ ইয়র্ক স্টেট সাপোর্টিভ হাউজিং প্রোগ্রাম স্টেট ব্যাপী 20,000-এরও বেশি আবাসন ইউনিটের জন্য অর্থায়নের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করেছে

এটি গৃহহীনতা মোকাবিলা এবং স্টেটজুড়ে স্থায়ী সহায়ক আবাসনের বিকল্পগুলো সংরক্ষণ ও প্রসারে নিউ ইয়র্ক স্টেটের চলমান প্রচেষ্টাকে আরো বেগবান করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ স্টেট জুড়ে গৃহহীন ব্যক্তি ও পরিবারগুলোকে স্থায়ীভাবে বসবাস করতে সহায়তা করা 130টি সহায়ক আবাসন পরিষেবা প্রদানকারী সংস্থাকে 63 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদানের ঘোষণা দিয়েছেন। নিউ ইয়র্ক স্টেট সাপোর্টিভ হাউজিং প্রোগ্রাম (New York State Supportive Housing Program, NYSSHP)-এর মাধ্যমে প্রদান করা এই অনুদানে মোট তহবিলের পরিমাণ 40 শতাংশ বৃদ্ধি করা হয়েছে যা নিউ ইয়র্কে সহায়ক আবাসনের সুযোগ-সুবিধাগুলো বজায় রাখতে এবং সম্প্রসারণে সাহায্য করবে।

"নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করে তোলার লক্ষ্যে সহায়ক আবাসন তৈরি এবং সংরক্ষণ করা আমার প্রশাসনের অঙ্গীকারের মূল ভিত্তি এবং স্টেট জুড়ে গৃহহীনতা মোকাবেলায় এটি আমাদের প্রচেষ্টাকে অব্যাহত রাখে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্ক স্টেট সাপোর্টিভ হাউজিং প্রোগ্রামের এই বিনিয়োগগুলো স্টেট ব্যাপী আবাসন সরবরাহকারীদেরকে তাদের গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যেতে সাহায্য করবে, এর ফলে গৃহহীনতার শিকার ব্যক্তি ও পরিবারগুলো নিরাপদে বসবাস করতে পারবে এবং তাদের কমিউনিটিতে সুষ্ঠুভাবে বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় অত্যাবশ্যকীয় পরিষেবাগুলো গ্রহণ করতে পারবে।"

নিউ ইয়র্কের অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance, OTDA) কর্তৃক পরিচালিত, NYSSHP সেইসব অত্যাবশ্যকীয় পরিষেবা এবং পরিচালন ব্যয়ে অর্থায়ন করে যা স্টেটজুড়ে 20,000-এরও বেশি স্থায়ী সহায়ক এবং অস্থায়ী আবাসন ইউনিটকে সহায়তা দেয়, যেখানে প্রায় 36,000 ব্যক্তি বসবাস করেন। 2025-2026 অর্থ বছরের স্টেট বাজেটে, গভর্নর Hochul (হোকল) NYSSHP-এর জন্য 17.8 মিলিয়ন মার্কিন ডলারের একটি বাজেট বৃদ্ধি নিশ্চিত করেছেন, এর ফলে এই বছর থেকে বর্তমান NYSSHP প্রোভাইডারদের প্রতি-ইউনিট অর্থায়নের হার সামগ্রিকভাবে প্রায় 40 শতাংশ বৃদ্ধি পাবে যা গত 40 বছরের মধ্যে এই কর্মসূচির জন্য সবচেয়ে বড় বাজেট বৃদ্ধি।

স্টেট ব্যাপী সবচেয়ে আর্থিকভাবে ঝুঁকিপূর্ণ প্রকল্পগুলোকে লক্ষ্য করে এই বর্ধিত অর্থায়নের প্রচেষ্টায়, এই বছর 44টিরও বেশি প্রকল্পকে বর্ধিত অর্থায়নের জন্য যোগ্য বলে গণ্য করা হয়েছে, যার ফলে তাদের প্রতি-ইউনিটের হার প্রায় দ্বিগুণ হয়েছে। অন্য সব প্রোভাইডারের জন্য অর্থায়নের হার প্রায় 30 শতাংশ বৃদ্ধি করা হয়েছে। অনুদানপ্রাপ্ত সবার তালিকা এখানে দেখুন।

অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্সের কমিশনার Barbara C. Guinn (বারবারা সি. গুইন) বলেন, "এই বছরের NYSSHP অনুদানে অর্থায়নের বৃদ্ধি আমাদের বিদ্যমান সহায়ক আবাসন ব্যবস্থাকে কার্যকর এবং সহজলভ্য রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই অনুদানসমূহ প্রোভাইডারদের এমন সহায়তামূলক পরিষেবা প্রদান করার সক্ষমতাকে আরো শক্তিশালী করবে যা এই কর্মসূচিগুলোকে অনন্য করে তোলে এবং অসহায় জনগোষ্ঠীকে আবাসন ব্যবস্থায় টিকিয়ে রাখতে সফল ভূমিকা পালন করে। হাজার হাজার অসহায় নিউ ইয়র্কবাসীকে দিনরাত প্রয়োজনীয় পরিষেবাদানকারী আমাদের সকল সহায়ক আবাসন প্রদানকারীর প্রতি আমরা কৃতজ্ঞ, পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটজুড়ে অত্যন্ত প্রয়োজনীয় সহায়ক আবাসনের সুযোগ-সুবিধাগুলো রক্ষা ও সম্প্রসারণে এই ঐতিহাসিক বিনিয়োগ করার জন্য আমরা গভর্নর গভর্নর Hochul (হোকল)-এর প্রতিও কৃতজ্ঞ।"

NYSSHP অনুদানগুলো গভর্নরের 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনার অংশ যা 2027 স্টেট অর্থবছর শেষ হওয়ার আগেই 100,000 সাশ্রয়ী মূল্যের বাড়ি নির্মাণ এবং সংরক্ষণের পথে রয়েছে, যার মধ্যে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য 10,000 বিশেষ সহায়তা সম্বলিত বাড়ি এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত রয়েছে। 2027 স্টেট অর্থবছরের নির্বাহী বাজেটে 5.7 বিলিয়ন মার্কিন ডলার মূলধনী রিসোর্স, 8.8 বিলিয়ন মার্কিন ডলারের স্টেট ও ফেডারেল ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ফেডারেল বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে, এছাড়া আশ্রয়কেন্দ্র ও সহায়ক আবাসন ইউনিট পরিচালনা এবং ভাড়ায় ভর্তুকি প্রদানের জন্য 11 বিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে। এই বিনিয়োগটি নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে বৃহত্তম, সবচেয়ে বিস্তৃত এবং সবচেয়ে উচ্চাভিলাষী আবাসন পরিকল্পনার প্রতিফলন।

গভর্নর Hochul (হোকল)-এর 2027 অর্থবছরের নির্বাহী বাজেট নিউ ইয়র্ক স্টেটজুড়ে স্থায়ী সহায়ক আবাসন নির্মাণ এবং সংরক্ষণে ঐতিহাসিক বিনিয়োগ অব্যাহত রেখেছে, যার মধ্যে রয়েছে:

- OTDA-এর হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Homeless Housing and Assistance Program, HHAP)-এর জন্য 153 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দ সহায়তামূলক আবাসনের চলমান চাহিদা মেটাতে এবং বর্তমান আবাসন ইউনিটগুলোর রক্ষণাবেক্ষণে ব্যয় হবে যা নিউ ইয়র্কের সবচেয়ে বেশি আবাসনের অনিরাপত্তার সম্মুখীন এবং অসহায় মানুষদের বসবাসের জন্য একটি নিরাপদ স্থান নিশ্চিত করবে। HHAP মূলত গৃহহীন ব্যক্তিদের জন্য স্থায়ী সাশ্রয়ী এবং সহায়ক আবাসনসহ বিভিন্ন আবাসন নির্মাণের জন্য মূলধনী রিসোর্স সরবরাহ করে। 2026 স্টেট অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত বর্ধিত বিনিয়োগের ওপর ভিত্তি করে, 2027 স্টেট অর্থবছরের নির্বাহী বাজেটে আরো 25 মিলিয়ন মার্কিন ডলারের সম্পূরক রিসোর্স অন্তর্ভুক্ত করা হয়েছে।

- এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State Supportive Housing Initiative, ESSHI)-এর জন্য 300 মিলিয়ন মার্কিন ডলার যা 2026 স্টেট অর্থবছরের তুলনায় 60 মিলিয়ন মার্কিন ডলার বেশি। এই তহবিল নতুন এবং বিদ্যমান সহায়ক আবাসন বিষয়ক চুক্তির পরিচালনা ও পরিষেবামূলক ব্যয় নির্বাহে সহায়তা করে।

- গৃহহীনতা বা আবাসন হারানোর আসন্ন ঝুঁকিতে থাকা ব্যক্তি ও পরিবারকে আশ্রয়মূলক সহায়তা প্রদানের জন্য রেন্টাল সাপ্লিমেন্ট প্রোগ্রাম (Rental Supplement Program, RSP)-এর আওতায় 100 মিলিয়ন মার্কিন ডলার।

- OTDA-এর সমন্বিত গৃহহীন পরিষেবা কর্মসূচির জন্য 74.2 মিলিয়ন মার্কিন ডলার যা 2026 স্টেট অর্থবছরের চেয়ে 2.8 মিলিয়ন মার্কিন ডলার বেশি। এই তহবিল NYSSHP, সল্যুশন টু ইন্ড হোমলেস প্রোগ্রাম (Solutions to End Homelessness Program, STEHP) এবং অপারেশনাল সাপোর্ট ফর AIDS হাউজিং (Operational Support for AIDS Housing, OSAH) প্রোগ্রামকে সহায়তা প্রদান করে।

- হাউজিং অ্যাক্সেস ভাউচার প্রোগ্রাম (Housing Access Voucher Program, HAVP) পাইলট প্রকল্পের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার যেটি চার-বছর মেয়াদী পাইলট প্রকল্পের অংশ, যা গৃহহীন অথবা আবাসন হারানোর আসন্ন ঝুঁকিতে থাকা ব্যক্তি ও পরিবারকে ভাড়ায় সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে।

স্টেট সিনেটর Roxanne J. Persaud (রোক্সান জে. পারসাউড) বলেন, "আমি আজ NYSSHIP-এর জন্য 63 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়নের ঘোষণাকে স্বাগত জানাই। এটি গত বছর আমার সহকর্মী এবং গভর্নর Hochul (হোকল)-এর সাথে এই কর্মসূচির জন্য 17.8 মিলিয়ন মার্কিন ডলারের অতিরিক্ত বরাদ্দ নিশ্চিত করার প্রচেষ্টার একটি সরাসরি ফলাফল। নিরাপদ এবং স্থায়ী সহায়ক আবাসনে বসবাসকারী 30,000-এরও বেশি নিউ ইয়র্কবাসী আমাদের এই চলমান বিনিয়োগের যোগ্য।"

স্টেট সিনেটর Brian Kavanagh (ব্রায়ান কাভানাঘ) বলেন, "গৃহহীনতা এবং আবাসন অনিশ্চয়তা মোকাবিলায় আমাদের কাছে থাকা সবচেয়ে কার্যকর এবং মানবিক হাতিয়ারগুলোর মধ্যে একটি হলো সহায়ক আবাসন নিশ্চিত করা। এই বিনিয়োগগুলো আমাদের সেই প্রতিশ্রুতির প্রতিফলন, যেখানে আমরা সকল নিউইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী ও উচ্চমানের আবাসন এবং তাদের প্রয়োজনীয় সহায়তামূলক পরিষেবা প্রাপ্তি নিশ্চিত করতে চাই। আমি এই বিষয়ে অংশীদারিত্বের জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)-কে ধন্যবাদ জানাই, সেই সাথে স্টেট বাজেটে সহায়ক আবাসন খাতে তহবিল অন্তর্ভুক্ত করতে কাজ করার জন্য আইনসভার সহকর্মীদের এবং প্রতিদিন এই অপরিহার্য কাজ করা সেবাদানকারীদের সহায়তা করার জন্য কমিশনার Barbara Guinn (বারবারা গুইন) ও OTDA-এর সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। আমি সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য আবাসনের সুযোগ সম্প্রসারণে আমাদের কাজ চালিয়ে যেতে আগ্রহী।"

অ্যাসেম্বলি মেম্বার Maritza Davila (মারিৎজা ড্যাভিলা) বলেন, "নিউ ইয়র্ক স্টেট সাপোর্টিভ হাউজিং প্রোগ্রামে এই 63 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ আমাদের পুরো স্টেটে সহায়ক

আবাসন ব্যবস্থাকে স্থিতিশীল ও শক্তিশালী করার ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় পদক্ষেপ। হাজার হাজার অসহায় নিউ ইয়র্কবাসীর জন্য গুরুত্বপূর্ণ আবাসন ও সেবা নিশ্চিত করতে সাহায্য করবে এমন 40 শতাংশ তহবিল বৃদ্ধি করার জন্য আমি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্স-এর কমিশনার গুইন (Guinn)-কে সাধুবাদ জানাই। সহায়ক আবাসন ব্যবস্থা সত্যিই কার্যকর।"

অ্যাসেম্বলি মেম্বার Jo Anne Simon (জো অ্যানি সাইমন) বলেন, "মানসিক ও শারীরিক সমস্যায় ভোগা ব্যক্তিদের জন্য একটি নিরাপদ ও স্থিতিশীল বাসস্থান হলো সুস্থতা, মর্যাদা এবং দীর্ঘমেয়াদী কল্যাণের মূল ভিত্তি। সহায়ক আবাসন প্রোভাইডারদের জন্য তহবিল বৃদ্ধি করার মাধ্যমে, আমরা হাজার হাজার ব্যক্তি ও পরিবারকে তাদের নিজস্ব বাসস্থানে থাকতে সাহায্য করার পাশাপাশি তাদের উন্নতির ও নিরাপদ ভবিষ্যৎ গড়ার জন্য প্রয়োজনীয় পরিষেবাগুলো পাওয়ার সুযোগ করে দিচ্ছি। মানসিক স্বাস্থ্যগত রিসোর্সের উন্নয়ন এবং নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নত করার লক্ষ্যে গভর্নর Hochul (হোকল)-এর নিরন্তর অঙ্গীকারের জন্য আমি তার কাছে কৃতজ্ঞ।"

অ্যালবানি হাউজিং কোয়ালিশন ইনক. (Albany Housing Coalition, Inc.)-এর নির্বাহী পরিচালক Sondra Young (সন্ড্রা ইয়াং) বলেন, "2026 সালের বর্ধিত NYSSHP অনুদানটি মিলিটারি ভেটেরানদের এবং তাদের পরিবারের গৃহহীনতা রোধে আমাদের প্রচেষ্টায় একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিনিয়োগ। এই অর্থায়নটি আমাদের আবাসন ব্যবস্থার স্থিতিশীলতা এবং সহায়ক পরিষেবা প্রদানের সক্ষমতাকে আরো শক্তিশালী করবে যা এই ভেটেরানদের এবং তাদের পরিবারগুলোকে নিরাপদে নিজ গৃহে বসবাস করতে সাহায্য করবে।"

YWCA বিংহ্যামটন অ্যান্ড ব্রুম কাউন্টির নির্বাহী পরিচালক Carole Coppens (ক্যারল কোপেনস) বলেন, "YWCA বিংহ্যামটন অ্যান্ড ব্রুম কাউন্টির পক্ষ থেকে আমরা বর্ধিত NYSSHP অর্থায়ন এবং বর্ধিত হারের জন্য NYS OTDA-এর কাছে গভীরভাবে কৃতজ্ঞ। এই গুরুত্বপূর্ণ রিসোর্সগুলো আবাসনহীনতার শিকার ব্যক্তি ও পরিবারগুলিকে সেবা দেওয়ার ক্ষেত্রে আমাদের সক্ষমতাকে আরো শক্তিশালী করে, এটি আমাদের সম্মুখ সারির অপরিহার্য কর্মীদের—যেমন- কেস ম্যানেজমেন্ট এবং আবাসিক সহায়তা—পাশাপাশি আমাদের প্রোগ্রামগুলো যাতে নিরাপদ, স্থিতিশীল এবং সুপরিচালিত থাকে তা নিশ্চিত করতে হাউজকিপিং এবং রক্ষণাবেক্ষণের বাড়তি সক্ষমতা প্রদানে সহায়তা করে। এই বিনিয়োগ আমাদের লক্ষ্যকে এগিয়ে নিতে এবং বাসিন্দাদের মর্যাদা ও প্রত্যাশার সাথে এগিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় পরিষেবা এবং সহায়তা প্রদান অব্যাহত রাখতে সাহায্য করে।"

কানেক্টিং কমিউনিটিজ ইন অ্যাকশন, ইনক. (Connecting Communities in Action, Inc.)-এর প্রধান নির্বাহী কর্মকর্তা Andrew Studley (অ্যান্ড্রু স্টাডলি) বলেন, "NYSSHP-এর বর্ধিত অর্থায়ন আমাদের আবাসন কর্মসূচিগুলোর জন্য অত্যন্ত প্রয়োজনীয় একটি অনুপ্রেরণা। এটি আমাদের সেইসব রিসোর্সকে স্থিতিশীল রাখতে সাহায্য করে যার ওপর ভিত্তি করে আমরা চল্লিশটি ইউনিটকে নিরাপদ, সহায়তাপূর্ণ এবং পর্যাপ্ত কর্মী সম্পন্ন রাখি। এই বিনিয়োগ আমাদের পরিচালনাগত বাজেটের ওপর চাপ কমায় এবং পরিষেবা জোরদার করা, সহায়তার পরিধি বাড়ানো এবং ভাড়াটেদের অভিজ্ঞতা উন্নত করার ক্ষেত্রে আমাদের নমনীয়তা

প্রদান করে। আমাদের ক্ষেত্রে এর মানে হলো, আমাদের কর্মসূচি এবং ভাড়াটেগণ যে পর্যায়ের সহায়তা পাওয়ার যোগ্য, সেই অনুযায়ী আমরা প্রকৃত চাহিদাগুলো পূরণ করে যেতে পারব।"

হাউজিং ওয়ার্কস ইনক. (Housing Works, Inc.)-এর প্রধান নির্বাহী কর্মকর্তা Charles King (চার্লস কিং) বলেন, "আমাদের সহায়ক আবাসন কর্মসূচিগুলোর সাফল্য এবং আমাদের সেবাপ্রাপ্ত বাসিন্দাদের স্থিতিশীলতার জন্য NYSSHP-এর অর্থায়ন অপরিহার্য। এই বিনিয়োগ সম্মুখ সারির কর্মীদের সহায়তা করে এবং কমিউনিটি-ভিত্তিক সেইসব পরিষেবাকে শক্তিশালী করে যা ব্যক্তি ও পরিবারগুলোকে আরো স্বাস্থ্যকর এবং স্থিতিশীল ভবিষ্যৎ গড়ে তুলতে সাহায্য করে।"

ইন্টারফেইথ পার্টনারশিপ ফর দ্য হোমলেস ইনক. (Interfaith Partnership for the Homeless, IPH Inc.)-এর চিফ অপারেটিং অফিসার Kristen Giroux (ক্রিস্টেন গিরক্স) বলেন, "কয়েক বছর ধরে, NYSSHP তহবিল আমাদের টিমগুলোকে নিবিড়, ব্যক্তিগত এবং ব্যক্তি-কেন্দ্রিক সেবা প্রদানের মাধ্যমে আমাদের আবাসন ভাড়াটেদের সহায়তা করার সুযোগ করে দিয়েছে। আমরা দৃঢ়ভাবে অবগত যে আবাসন নিশ্চিত করা কেবল একটি শুরু – এটি এমন একটি ভিত্তি যার ওপর দাঁড়িয়ে ক্লায়েন্টরা তাদের কল্যাণ সাধন করতে পারে এবং একটি অর্থবহ ও আনন্দময় জীবনের পথে এগিয়ে যেতে পারে। আমরা যে পরিষেবাগুলো দিতে সক্ষম তা প্রত্যেক বাসিন্দার অনন্য চাহিদাবলি পূরণে সহায়তা করার মাধ্যমে দীর্ঘমেয়াদী স্থিতিশীলতাকে উৎসাহিত করে। বর্ধিত NYSSHP তহবিল আমাদের গ্লোভারসভিলের 47-ইউনিট বিশিষ্ট আবাসস্থল Fulton House-এ একজন দ্বিতীয় কেস ম্যানেজার যুক্ত করার মাধ্যমে আমাদের সহায়তার পরিমাণ দ্বিগুণ করতে সাহায্য করবে এবং এটি ভবনের পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ পরিষেবা বৃদ্ধিতেও সহায়তা করবে যা আমাদের বাসিন্দাদের জন্য একটি নিরাপদ, পরিচ্ছন্ন এবং আরামদায়ক বসবাসের পরিবেশ নিশ্চিত করবে।"

নিউ ডেস্টিনি হাউজিংয়ের (New Destiny Housing) প্রধান নির্বাহী কর্মকর্তা Nicole Branca (নিকোল ব্রাঙ্কা) বলেন, "সাশ্রয়ী মূল্য, স্থায়িত্ব এবং সেবামূলক সুবিধার সমন্বয় সহায়ক আবাসনকে পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের জন্য অন্যতম কার্যকর রিসোর্স হিসেবে গড়ে তুলেছে যা তাদের নির্যাতন থেকে রক্ষা পাওয়ার পর নিজেদের জীবন পুনর্গঠনে এবং স্থায়ীভাবে বসবাস নিশ্চিত করতে সহায়তা করে। গত বছর OTDA কর্তৃক প্রদত্ত বাড়তি NYSSHP বিনিয়োগের জন্য ধন্যবাদ, এর ফলে নিউ ডেস্টিনি এখন নির্যাতনের শিকার ব্যক্তি ও তাদের সন্তানদের সেই কেইস ম্যানেজমেন্ট সাপোর্ট বা ব্যক্তিগত তদারকি নিশ্চিত করতে পারবে যা তাদের ট্রমা কাটিয়ে উঠতে এবং জীবনে স্থিতিশীলতা বজায় রাখতে প্রয়োজন। এই ক্ষুদ্র কিন্তু জীবন রক্ষাকারী কর্মসূচিতে সমতা আনার বিষয়ে গভর্নর, আইনসভা এবং OTDA-তে থাকা আমাদের অংশীদারদের অঙ্গীকারের জন্য আমরা তাদের গভীরভাবে ধন্যবাদ জানাই।"

সেফ হারবারস অব দ্য হাডসনের (Safe Harbors of the Hudson) নির্বাহী পরিচালক Lisa Silverstone (লিসা সিলভারস্টোন) বলেন, "সেফ হারবারস অব দ্য হাডসন বর্ধিত NYSSHP অর্থায়ন পাওয়ায় অত্যন্ত উচ্ছ্বসিত যা আমাদের কর্নারস্টোন রেসিডেন্সে বসবাসকারী 128 জন প্রতিবেশীকে অত্যাবশ্যকীয় পরিষেবা প্রদানের সক্ষমতা নিশ্চিত করবে। আমাদের সহায়ক আবাসন কমিউনিটিগুলোর জরুরি প্রয়োজনে সাড়া দেওয়ার জন্য NYS OTDA-কে ধন্যবাদ।"

ভলান্টিয়ার্স অব আমেরিকা আপস্টেট নিউ ইয়র্কের (Volunteers of America Upstate New York) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা Dr. Junior Dillion (ডা. জুনিয়র ডিলিয়ন) বলেন, "NYSSHP থেকে বর্ধিত অর্থায়ন আমাদের সেবা করা কমিউনিটিগুলোতে দীর্ঘস্থায়ী পরিবর্তন আনার লক্ষ্যকে আরো এগিয়ে নিতে VOA UPNY-এর সক্ষমতা বৃদ্ধি করে। স্থিতিশীল ও দীর্ঘমেয়াদী আবাসন হলো স্বনির্ভরতার ভিত্তি এবং এই বিনিয়োগগুলো আমাদের নিরাপদ ও সাশ্রয়ী আবাসন নিশ্চিতের পাশাপাশি ব্যাপক মানবসেবা নিশ্চিত করতে সাহায্য করে যা ব্যক্তি ও পরিবারগুলোকে স্থায়ী স্থিতিশীলতা অর্জনে সহায়তা দেয়। VOA UPNY আমাদের বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বার্ষিক 10,000-এরও বেশি মানুষকে সেবা প্রদান করে, যার মধ্যে রয়েছে শৈশবকালীন শিক্ষা, পুনর্বাসনমূলক পরিষেবা, গৃহহীনতা মোকাবেলা এবং স্থায়ী সহায়ক আবাসন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন